# ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের বোর্ডসভার কার্যবিবরণী।

তারিখ ঃ ২৯ জুন, ২০০৩

স্থান ঃ সভাকক্ষ, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড

সভাপতি ঃ কর্ণেল সালাহ্উদ্দীন আহমেদ
প্রেসিডেন্ট, ক্যান্টনমেন্ট বোর্ড
ও
স্টেশন কমান্ডার, ঢাকা সেনানিবাস।

## সভায় উপস্থিত সদস্যবৃন্দ

(১) ক্যাপ্টেন এম ওমর ফারুক (জি), পিএসসি, বিএন -- সদস্য
অধিনায়ক
বিএনএস হাজী মহসিন
ঢাকা সেনানিবাস।

(২) গ্রুপ ক্যাপ্টেন এম সানাউল হক, পিএসসি, এসিএসসি -- সদস্য
অধিনায়ক (প্রশাসনিক শাখা)
বিমানবাহিনী ঘাঁটি বাশার
ঢাকা সেনানিবাস।

(৩) লেঃ কর্ণেল এ কে এম সাইফুর রশিদ -- সদস্য
প্রতিনিধি
কমান্ড্যান্ট, এস ই এম ও
সম্মিলিত সামরিক হাসপাতাল
ঢাকা সেনানিবাস।

(৪) লেঃ কর্ণেল (অবঃ) মোঃ সামসুদ্দিন আহমেদ -- সদস্য
৩৪৬, বারিধারা ডিওএইচএস
ঢাকা সেনানিবাস।

(৫) জনাব মোঃ আজিজ খান -- সদস্য
১৪/এ ক্যান্টনমেন্ট আবাসিক এলাকা
ঢাকা সেনানিবাস।

উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে এবং সভার কার্যক্রমে সম্মানিত সদস্যবৃন্দের সহযোগিতা কামনা করে সভাপতি ভার কাজ আরম্ভ করেন। সভার আলোচ্যসূচীর উপর বিস্তারিত আলোচনান্তে নিম্নেবর্ণিত সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয়ঃ-

স্তাব নং-১ ঃ গত ১৮ মে, ২০০৩ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার কার্যবিবরণী পর্যালোচনা ও দৃঢ়করণ।

হীত সিদ্ধান্ত ঃ গত ১৮ মে, ২০০৩ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার কার্যবিবরণী পর্যালোচনা ও দৃঢ়করণ করা হলো।

স্তাব নং-২ ঃ মে, ২০০৩ মাসের আয়-ব্যয়ের হিসাব বিবরণী অবলোকন।

গৃহীত সিদ্ধান্ত ঃ মে, ২০০৩ মাসের আয়-ব্যয়ের হিসাব বিবরণী অবলোকন করা হলো।

স্তাব নং-৩ ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের ২০০২-২০০৩ সালের প্রস্তাবিত সংশোধিত বাজেট পর্যালোচনা ও অনুমোদন।

গৃহীত সিদ্ধান্ত ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের ২০০২-২০০৩ সালের প্রস্তাবিত সংশোধিত বাজেট আলোচনান্তে সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হলো। চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রেরণ করা হোক।

চলমান পাতা-২

৪ ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের ২০০৩-২০০৪ সালের প্রস্তাবিত মৌলিক বাজেট পর্যালোচনা ও অনুমোদন।

সিদ্ধান্ত ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের ২০০৩-২০০৪ সালের প্রস্তাবিত মৌলিক বাজেটের উপর বিস্তারিত আলোচনান্তে বাজেটে প্রস্তাবিত নতুন পদসমূহ সৃষ্টি এবং প্রস্তাবিত নতুন প্রকল্পসহ বাজেট সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হলো। চূড়ান্ত অনুমোদনের জন্য প্রস্তাবিত বাজেট সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রেরণ করা হোক।

প্রস্তাব নং-৫ ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের মে, ২০০৩ মাসের স্বাস্থ্য প্রতিবেদন অবলোকন।

গৃহীত সিদ্ধান্ত ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের মে, ২০০৩ মাসের স্বাস্থ্য প্রতিবেদন অবলোকন করা হলো। আলোচনার এক পর্যায়ে কমান্ড্যান্ট, এসইএমও, সম্মিলিত সামরিক হাসপাতাল, ঢাকা সেনানিবাসের প্রতিনিধি লেঃ কর্ণেল এ কে এম সাইফুর রশিদ ক্যান্টনমেন্ট জেনারেল হাসপাতালে টীকাদান কর্মসূচী এবং হেপাটাইটিস 'বি' ভাইরাস পরীক্ষার মতো গুরুত্বপূর্ণ কার্যক্রম চালু করা যেতে পারে মর্মে পরমর্শ প্রদান করেন। উক্ত ব্যাপারে সিটি করপোরেশন অথবা জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের সাথে যোগাযোগের মাধ্যমে প্রস্তাবনাটি বাস্তবায়ন করা যেতে পারে। এব্যাপারে ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার, ঢাকা সেনানিবাসকে পরবর্তী কার্যক্রম গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো।

প্রস্তাব নং-৬ ঃ সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরের অনুমোদনক্রমে ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড পরিচালিত রিভারভিউ ক্যান্টনমেন্ট বোর্ড স্কুলের ছাত্র-ছাত্রীদের বিশুদ্ধ পানি পানের নিমিত্তে ১৬০ লিটার ধারণ ক্ষমতা সম্পন্ন ঢাকনাসহ স্টীলের ট্যাঙ্কি ও ফিল্টার সরবরাহের নিমিত্তে ২৫ মে, ২০০৩ তারিখে দরপত্র আহ্বান করা হয়। বর্ণিত তারিখে ৩টি দরপত্র পাওয়া যায়। প্রাপ্ত দরপত্রের মধ্যে মেসার্স মনির এন্ড কোং, সিবি-১৫২ কচুক্ষেত পুরান বাজার, ঢাকা সেনানিবাস কর্তৃক প্রদত্ত ২১,১০০/- (একুশ হাজার একশত) টাকার দর সর্বনিম্ন হয়। উক্ত সর্বনিম্ন দর অনুমোদনের জন্য দরপত্রসহ সংশ্লিষ্ট নথিটি সভায় উপস্থাপন করা হলো। উল্লেখ্য যে, সভায় অনুমোদনের পর ব্যয়ের অনুমোদনের জন্য তা সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রেরণ করা হবে।

গৃহীত সিদ্ধান্ত ঃ পর্যালোচনান্তে সর্বনিম্ন দর ২১,১০০/- টাকা অনুমোদন করা হলো। চূড়ান্ত অনুমোদনের জন্য প্রস্তাবটি সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রেরণ করা হোক।

প্রস্তাব নং-৭ ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডে আইন উপদেষ্টা নিয়োগের ব্যাপারে দৈনিক ইত্তেফাক পত্রিকায় ৩০ মে, ২০০৩ তারিখে বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়। এর প্রেক্ষিতে ১২ জুন, ২০০৩ তারিখ পর্যন্ত মোট ১০(দশ)টি আবেদনপত্র পাওয়া যায়। প্রাপ্ত আবেদনপত্রের একটি তালিকা প্রস্তুত করে বোর্ডসভার সিদ্ধান্তের নিমিত্তে তালিকাসহ সংশ্লিষ্ট নথিটি পেশ করা হলো।

গৃহীত সিদ্ধান্ত ঃ পর্যালোচনান্তে ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের আইন উপদেষ্টা নিয়োগের ব্যাপারে সাক্ষাৎকার গ্রহণের জন্য নিম্নবর্ণিত কমিটি গঠন করা হলো ঃ-

| | | | |
|---|---|---|---|
| (ক) | লেঃ কর্ণেল (অবঃ) মোঃ সামসুদ্দিন আহমেদ<br>সম্মানিত সদস্য<br>ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। | -- | আহ্বায়ক |
| (খ) | প্রতিনিধি<br>বিএনএস হাজী মহসিন, ঢাকা সেনানিবাস। | -- | সদস্য |
| (গ) | প্রতিনিধি<br>প্রশাসনিক শাখা<br>বিমান বাহিনী ঘাঁটি বাশার, ঢাকা সেনানিবাস। | -- | সদস্য |

চলমান পাতা-৩

(ঘ) প্রতিনিধি -- সদস্য
সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তর
প্রতিরক্ষা মন্ত্রণালয়, ঢাকা সেনানিবাস।

(ঙ) প্রতিনিধি -- সদস্য
স্টেশন সদর দপ্তর
ঢাকা সেনানিবাস।

(চ) জেলা প্রশাসক, ঢাকা -- সদস্য
এর প্রতিনিধি।

(ছ) ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার -- সদস্য-সচিব
ঢাকা ক্যান্টনমেন্ট।

প্রস্তাব নং-৮ ঃ সেনা ভবনের রাস্তার পার্শ্বে কর্তনকৃত ০৭(সাত) টি রাঁধাচূড়া এবং ০৫(পাঁচ) টি কৃষ্ণচূড়াসহ ১২(বার)টি গাছ প্রকাশ্য নিলামের মাধ্যমে বিক্রির উদ্দেশ্যে ২০ মে, ২০০৩ তারিখ নিলাম ডাক অনুষ্ঠিত হয়। উক্ত নিলাম ডাকে ০৭(সাত) জন ডাককারী অংশ গ্রহণ করেন। ডাকে অংশগ্রহণকারীদের মধ্যে জনাব আব্দুল মালেক, ৪৫/এ কচুক্ষেত, ঢাকা সেনানিবাস কর্তৃক প্রদত্ত ৭,০০০/- (সাত হাজার) টাকার ডাক সর্বোচ্চ হয়। উক্ত সর্বোচ্চ ডাক অনুমোদনের জন্য সংশ্লিষ্ট নথিটি সভায় উপস্থাপন করা হলো। বর্ণিত গাছের এমআরপি নির্ধারণ করা হয়েছিল ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা। উল্লেখ্য যে, দরটি সভায় অনুমোদনের পর চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রেরণ করা হবে।

গৃহীত সিদ্ধান্ত ঃ আলোচনান্তে সর্বোচ্চ ৭,০০০/- (সাত হাজার) টাকার ডাক অনুমোদন করা হলো। চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রেরণ করা হোক।

প্রস্তাব নং-৯ ঃ স্বাধীনতা সরণির পার্শ্ব হতে কর্তনকৃত ০৩(তিন) টি চাম্বল গাছ প্রকাশ্য নিলামের মাধ্যমে বিক্রির উদ্দেশ্যে ২২ জুন, ২০০৩ তারিখ নিলাম ডাক অনুষ্ঠিত হয়। উক্ত নিলাম ডাকে ০৫(পাঁচ) জন ডাককারী অংশ গ্রহণ করেন। ডাকে অংশগ্রহণকারীদের মধ্যে জনাব আব্দুল মালেক, ৪৫/এ কচুক্ষেত, ঢাকা সেনানিবাস কর্তৃক প্রদত্ত ৪,২০০/- (চার হাজার দুইশত) টাকার ডাক সর্বোচ্চ হয়। উক্ত সর্বোচ্চ ডাক অনুমোদনের জন্য সংশ্লিষ্ট নথিটি সভায় উপস্থাপন করা হলো। বর্ণিত গাছের এমআরপি নির্ধারণ করা হয়েছিল ৩,৫১২/- (তিন হাজার পাঁচশত বার) টাকা। উল্লেখ্য যে, দরটি সভায় অনুমোদনের পর চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রেরণ করা হবে।

গৃহীত সিদ্ধান্ত ঃ আলোচনান্তে সর্বোচ্চ ৪,২০০/- (চার হাজার দুইশত) টাকার ডাক অনুমোদন করা হলো। চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রেরণ করা হোক।

প্রস্তাব নং-১০ ঃ রজনীন্ধা সুপার মার্কেটস্থ ২২ টি হকার্স হার্ডস্ট্যান্ড ৫৫৬৫.০০ বর্গফুট এর ভিটিসমূহ ০১ জুলাই, ২০০৩ হতে ৩০ জুন, ২০০৪ পর্যন্ত ১(এক) বছরের জন্য ইজারা প্রদানের নিমিত্তে পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশ করা হলে ২০ মে, ২০০৩ তারিখে ৪(চার)টি দরপত্র পাওয়া যায়। তন্মধ্যে জনাব সৈয়দ ফজলুল করিম, সিবি-২০৬/১, কচুক্ষেত পুরান বাজার, ঢাকা ক্যান্টনমেন্ট, ঢাকা-১২০৬ কর্তৃক প্রদত্ত ৪,২৭,৫০০/- টাকার সর্বোচ্চ দর ঘটনোত্তর অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ। এ ব্যাপারে অত্র দপ্তরের ০১ জুন, ২০০৩ তারিখের কার্যবৃত্তপত্র উপস্থাপন করা হলো।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিষয়টি বিস্তারিত পর্যালোচনা করা হলো। রজনীগন্ধা সুপার মার্কেটস্থিত হকার্স হার্ডস্ট্যান্ডসমূহ ০১ জুলাই, ২০০৩ তারিখ হতে ৩০ জুন, ২০০৪ তারিখ পর্যন্ত ০১(এক) বছরের জন্য ইজারার নিমিত্তে জনাব সৈয়দ ফজলুল করিম, সিবি-২০৬/১, কচুক্ষেত পুরান বাজার, ঢাকা এর প্রদত্ত সর্বোচ্চ দর ৪,২৭,৫০০/- (চার লক্ষ সাতাশ হাজার পাঁচশত) টাকা ঘটনোত্তর অনুমোদন করা হলো। চূড়ান্ত অনুমোদনের জন্য প্রস্তাবটি সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রেরণ করা হোক।

চলমান পাতা-৪

প্রস্তাব নং-১১ ঃ ডিওএইচএস মহাখালী এলাকার হযরত কালা শাহ বাবা (রঃ) এর মাজার সংলগ্ন ০.৪৪ একর জমি এবং বনানী কবরস্থান সংলগ্ন ০.৭২ একর জমি নার্সারীর জন্য ইজারা দেয়ার নিমিত্তে প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তর, ঢাকা সেনানিবাসের ২৬ এপ্রিল, ২০০৩ তারিখের ১৩০০/১১০/২৩/৯ নং পত্রে নিরাপত্তা ছাড়পত্র পাওয়া যায়। তৎপ্রেক্ষিতে অত্র দপ্তরের ১৮ মে, ২০০৩ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার প্রস্তাব নং-৬ এর সিদ্ধান্ত মোতাবেক ০১ জুলাই, ২০০৩ তারিখ হতে ৩০ জুন, ২০০৪ তারিখ পর্যন্ত ১(এক) বছরের জন্য ইজারা প্রদানের নিমিত্তে স্থানীয়ভাবে বিজ্ঞপ্তি প্রকাশ করা হলে মেসার্স তরুকুঞ্জ নার্সারী কর্তৃক প্রদত্ত ডিওএইচএস মহাখালীস্থ হযরত কালা শাহ বাবা (রঃ) এর মাজার সংলগ্ন নার্সারীর জন্য ৪০,০০০/- (চল্লিশ হাজার) টাকা এবং বনানী কবরস্থান সংলগ্ন নার্সারীর জন্য ৩৪,০০০/- (চৌত্রিশ হাজার) টাকা অর্থাৎ সর্বমোট ৭৪,০০০/- (চুয়াত্তর হাজার) টাকার সর্বোচ্চ দর অনুমোনের ব্যাপারে আলোচনা ও সিদ্ধান্ত। এ ব্যাপারে সংশ্লিষ্ট নথি সভায় উপস্থাপন করা হলো।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিষয়টি বিস্তারিত পর্যালোচনা করা হলো। পর্যালোচনান্তে ডিওএইচএস মহাখালী এলাকার হযরত কালা শাহ বাবা (রঃ) এর মাজার সংলগ্ন ০.৪৪ একর জমি এবং বনানী কবরস্থান সংলগ্ন ০.৭২ একর জমি নার্সারীর জন্য ০১ জুলাই, ২০০৩ তারিখ হতে ৩০ জুন, ২০০৪ তারিখ পর্যন্ত এক বছরের জন্য ইজারার নিমিত্তে মেসার্স তরুকুঞ্জ নার্সারী কর্তৃক প্রদত্ত যথাক্রমে ৪০,০০০/- (চল্লিশ হাজার) টাকা এবং ৩৪,০০০/- (চৌত্রিশ হাজার) টাকা অর্থাৎ সর্বমোট ৭৪,০০০/- (চুয়াত্তর হাজার) টাকার সর্বোচ্চ দর অনুমোদন করা হলো। চূড়ান্ত অনুমোদনের জন্য প্রস্তাবটি সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রেরণ করা হোক।

প্রস্তাব নং-১২ ঃ বারিধারা ডিওএইচএস এলাকায় ব্রডব্যান্ড ইন্টারনেট সংযোগ স্থাপনের বিষয়ে অনুমতি চেয়ে জনাব বশির উদ্দিন, সভাপতি, স্পার্ক সিস্টেম লিঃ, বাড়ী নং- ২৪৪, লেন নং-৩, বারিধারা ডিওএইচএস, ঢাকা সেনানিবাস কর্তৃক ২৩ মার্চ, ২০০৩ তারিখে আবেদন করেন। এ ব্যাপারে প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তরের ছাড়পত্র পাওয়া গিয়েছে। বিষয়টির ব্যাপারে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ। এ ব্যাপারে প্রয়োজনীয় নথি উপস্থাপন করা হলো।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিষয়টি বিস্তারিত আলোচনান্তে স্থগিত করা হলো। তবে এ পর্যন্ত বিভিন্ন ডিওএইচএস-এ কতটি ডিস এন্টেনা ফার্মকে এবং কতটি ইন্টারনেট সেবা প্রদানকারী ফার্মকে সংযোগ প্রদানের অনুমতি প্রদান করা হয়েছে তার পৃথক তালিকা পরবর্তী বোর্ডসভায় উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হলো।

প্রস্তাব নং-১৩ ঃ মহাখালী ডিওএইচএস এলাকায় ২৫টি রিকশা লাইসেন্স প্রদানের বিষয়ে অনুমতি চেয়ে জনাব মোঃ আজিজুর রহমান, বাড়ী নং-বি/১৫৫, লেন নং-২২, ঢাকা সেনানিবাস কর্তৃক ০৪ জুন, ২০০৩ তারিখে আবেদন করেন। এ ব্যাপারে সংশ্লিষ্ট ডিওএইচএস এসোসিয়েশন এর অনাপত্তি ছাড়পত্র রয়েছে। তৎপ্রেক্ষিতে ২৫ টি রিকশা লাইসেন্স বাৎসরিক প্রতিটি নির্ধারিত ফি ৪০/- টাকা হারে গ্রহণ সাপেক্ষে অনুমতির বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ। প্রয়োজনীয় নথিসহ এ ব্যাপারে অত্র দপ্তরের ০৯ জুন, ২০০৩ তারিখের কার্যবৃত্তপত্র উপস্থাপন করা হলো।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিষয়টি বিস্তারিত পর্যালোচনা করা হলো। পর্যালোচনান্তে মহাখালী ডিওএইচএস এলাকাস্থ বি/১৫৫ নং বাড়ীর মালিক জনাব মোঃ আজিজুর রহমানকে প্রচলিত বিধি মোতাবেক ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক রিকশা লাইসেন্স ফি গ্রহণ সাপেক্ষে মহাখালী ডিওএইচএস এলাকার জন্য ২৫টি রিকশা লাইসেন্স প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো।

চলমান পাতা-৫

প্রস্তাব নং-১৪ ঃ জনাব মির্জা আহসানুল হাবিব, ২১ ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস এর ০৮ ফেব্রুয়ারি, ২০০৩ তারিখের আবেদনের প্রেক্ষিতে উক্ত বাড়ীর সি/৯ নং ফ্ল্যাটটি মিসেস ফেরদৌস আরা, স্বামী- ডাঃ মোঃ নূরুল হক এর নিকট বিক্রয়/হস্তান্তরের অনুমতি প্রদানের ব্যাপারে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ। এ ব্যাপারে প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তর, ঢাকা সেনানিবাসের ০৫ জুন, ২০০৩ তারিখের ১৩২০/১২০/৫৭/৫ নং পত্রে প্রদত্ত অনাপত্তি ছাড়পত্র পাওয়া গিয়েছে এবং ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের রাজস্ব শাখা কর্তৃক ২৩ জুন, ২০০৩ তারিখে হস্তান্তরের সুপারিশ করা হয়েছে।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিষয়টির উপর সভায় আলোচনা হয়। আলোচনান্তে ক্যান্টনমেন্ট বাজার এলাকাস্থ ২১ নং বাড়ীর মালিক জনাব মির্জা আহসানুল হাবিব এর আবেদনের প্রেক্ষিতে উক্ত বাড়ীর সি/৯ নং ফ্ল্যাটটি মিসেস ফেরদৌস আরা, স্বামী- ডাঃ মোঃ নূরুল হক এর নিকট বিক্রয়/হস্তান্তরের অনুমতি প্রদান করা হলো।

প্রস্তাব নং-১৫ ঃ জনাব মির্জা আহসানুল হাবিব, ২১ ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস এর ২৭ মে, ২০০৩ তারিখের আবেদনের প্রেক্ষিতে উক্ত বাড়ীর সি/২ নং ফ্ল্যাটটি ডাঃ মিসেস নুসরাত জাহান, স্বামী- মেজর এ এম আতিকুজ্জামান এর নিকট বিক্রয়/হস্তান্তরের অনুমতি প্রদানের ব্যাপারে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ। এ ব্যাপারে প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তর, ঢাকা সেনানিবাসের ১১ জুন, ২০০৩ তারিখের ১৩০০/১২০/৫৭/৫ নং পত্রে প্রদত্ত অনাপত্তি ছাড়পত্র পাওয়া গিয়েছে এবং ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের রাজস্ব শাখা কর্তৃক ২৩ জুন, ২০০৩ তারিখে সুপারিশ করা হয়েছে।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিষয়টির উপর সভায় আলোচনা হয়। আলোচনান্তে ক্যান্টনমেন্ট বাজার এলাকাস্থ ২১ নং বাড়ীর মালিক জনাব মির্জা আহসানুল হাবিব এর ২৭ মে, ২০০৩ তারিখের আবেদনের প্রেক্ষিতে উক্ত বাড়ীর সি/২ নং ফ্ল্যাটটি ডাঃ মিসেস নুসরাত জাহান, স্বামী- মেজর এ এম আতিকুজ্জামান এর নিকট বিক্রয়/হস্তান্তরের অনুমতি প্রদান করা হলো।

প্রস্তাব নং-১৬ ঃ জনাব হিফজুর রহমান চৌধুরী, ৭০ ক্যান্টনমেন্ট বাজার এলাকাস্থ সি/এ-২ নং ফ্ল্যাটের মালিক এর ২২ ডিসেম্বর, ২০০২ তারিখের আবেদনের প্রেক্ষিতে ফ্ল্যাটটি (১) ডাঃ মোঃ লুৎফর রহমান, পিতা- হাজী ইদ্রিস আলী (২) বেগম শামসুন্নাহার স্বামী- ডাঃ মোঃ লুৎফর রহমান এর নিকট বিক্রয়/হস্তান্তরের অনুমতি প্রদানের ব্যাপারে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ। এ ব্যাপারে প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তর, ঢাকা সেনানিবাসের ১৬ এপ্রিল, ২০০৩ তারিখের ১৩০০/১১০/ইস্টেট নং পত্রে প্রদত্ত অনাপত্তি ছাড়পত্র পাওয়া গিয়েছে এবং ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের রাজস্ব শাখা কর্তৃক ২৩ জুন, ২০০৩ তারিখে হস্তান্তরের সুপারিশ করা হয়েছে।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিষয়টির উপর বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে ক্যান্টনমেন্ট বাজার এলাকাস্থ ৭০ নং বাড়ীর সি/এ-২ নং ফ্ল্যাটের মালিক জনাব হিফজুর রহমান চৌধুরী এর ২২ ডিসেম্বর, ২০০২ তারিখের আবেদনের প্রেক্ষিতে ফ্ল্যাটটি (১) ডাঃ মোঃ লুৎফর রহমান, পিতা- হাজী ইদ্রিস আলী (২) বেগম শামসুন্নাহার স্বামী- ডাঃ মোঃ লুৎফর রহমান এর নিকট বিক্রয়/হস্তান্তরের অনুমতি প্রদান করা হলো।

চলমান পাতা-৬

প্রস্তাব নং-১৭ ঃ ক্যান্টনমেন্ট বাজার এলাকাস্থ ৫৪/এ নং প্লট ও প্লটে নির্মিত বাড়ীটি দলিল সম্পাদনপূর্বক হস্তান্তরের প্রেক্ষিতে ক্রেতা ডাঃ এম এম আমজাদ হোসেন, পিতা- মরহুম আলহাজ্ব মুসলিম উদ্দিন এর নামে নামজারীর ব্যাপারে আলোচনা ও সিদ্ধান্ত। এতদ্ব্যাপারে গোয়েন্দা মহাপরিদপ্তরের ছাড়পত্রসহ উক্ত ব্যক্তির নামে নামজারীর ব্যাপারে তাঁর ২২ ফেব্রুয়ারী, ২০০৩ তারিখের আবেদনপত্র উপস্থাপন করা হলো। এ ব্যাপারে ক্যান্টনমেন্ট বোর্ডের আইন উপদেষ্টা ও রাজস্ব শাখা কর্তৃক ২৩ জুন, ২০০৩ তারিখে নামজারীর সুপারিশ করা হয়েছে।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিয়টির ব্যাপারে বিস্তারিত আলোচনা করা হলো। ক্যান্টনমেন্ট বাজার এলাকাস্থ ৫৪/এ নং প্লট ও প্লটে নির্মিত বাড়ীটির রেজিষ্ট্রি দলিল সম্পাদন করায় বর্তমান ক্রেতা ডাঃ এম এম আমজাদ হোসেন, পিতা- মরহুম আলহাজ্ব মুসলিম উদ্দিন এর নামে নামজারীর বিষয়টি অনুমোদন করা হলো।

প্রস্তাব নং-১৮ ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের নিম্নোক্ত কাজের সর্বনিম্ন দর অনুমোদনকরণ ঃ-

| ক্রমিক নং | কাজের বিবরণ | মূল্যানুমান এমইএস সিডিউল অব রেইটস, ২০০২ অনুযায়ী | সর্বনিম্ন দর প্রদানকারী ফার্মের নাম | সর্বনিম্ন উদ্ধৃত দর | সিএমইএস (আর্মি)কর্তৃক ভেটিংকৃত দর | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১। | শহীদ বাশার রোডের পশ্চিম প্রান্তে বিপদজনক পারাপার বন্ধের জন্য জিআই পাইপের ব্যারিয়ার নির্মাণ। | ৪৬,৮২৯/- টাকা | মেসার্স সরদার ট্রেডার্স | ০৮.০০% উর্ধ্বে | ০২.০০% উর্ধ্বে | রক্ষণাবেক্ষণ খাত হতে ব্যয় সংকুলান করতে হবে। |
| ২। | শহীদ মঈনুল রোডস্থ কাঁটা তারের বেড়া সরবরাহ ও স্থাপন। | ২৬,০০৬/- ।। | মেসার্স এস আলম এন্টারপ্রাইজ | ০৯.৯৯% উর্ধ্বে | ০৪.০০% উর্ধ্বে | ডেসা কর্তৃক জমাকৃত অর্থ হতে ব্যয় সংকুলান করা হবে। |
| ৩। | ক্যান্টনমেন্ট বোর্ড অফিসের পিছনে কাঁটাতারের বেড়া মেরামত ও সংস্কারকরণ। | ৩৫,৬৫০/- ।। | মেসার্স এস আলম এন্টারপ্রাইজ | ০৯.৯৯% উর্ধ্বে | ০৪.০০% উর্ধ্বে | -ঐ- |
| ৪ | মহাখালী ডিওএইচএস এলাকায় প্লট নং-২৮২/বি হতে পুরাতন/অকেজো আরসিসি পাইপ অপসারণ ও উক্ত স্থানে বালি ভরাটকরণ। | ২৬,৫৭৭/- ।। | মেসার্স কাসেম এন্ড সন্স | ০৭.০০% উর্ধ্বে | ০২.০০% উর্ধ্বে | ডিওএইচএস সমূহের অসমাকৃতি প্লটের উন্নয়ন চার্জ হতে ব্যয় সংকুলান করা হবে। |
| ৫। | মহাখালী ডিওএইচএস এলাকায় ওয়াসা কর্তৃক কর্তনকৃত ১৯/এ, ১৯/বি এবং ২১ নং রোড মেরামতকরণ। | ১,২৩,০৬১/- ।। | মেসার্স আহমেদ এন্ড সন্স | ০৯.৯৯% উর্ধ্বে | ০৩.০০% উর্ধ্বে | ওয়াসা কর্তৃক জমাকৃত অর্থ হতে ব্যয় সংকুলান করা হবে। |
| ৬। | সদর দপ্তর লগ এরিয়া, ঢাকা সেনানিবাসের দক্ষিণে ফুটপাত ভেঙ্গে রাস্তা প্রশস্ত করণসহ ফুটপাত নির্মাণ। | ১,৪৮,০২৪/- ।। | মেসার্স তাহের এন্টারপ্রাইজ | ০৯.৭৫% উর্ধ্বে | ০২.০০% উর্ধ্বে | মহাখালী ফ্লাইওভার কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অর্থ হতে। |
| ৭। | ক্যান্টনমেন্ট বোর্ড অফিসের পিছনে নার্সারীর জন্য মাস্টার ড্রেন নির্মাণসহ ক্যান্টনমেন্ট বোর্ড অফিসের আরো দুটি সংযোগ ড্রেন নির্মাণ। | ২,৩৫,৮০৩/- ।। | মেসার্স দিলদার এন্টারপ্রাইজ | ০৯.৯৯% উর্ধ্বে | ০২.০০% উর্ধ্বে | ডেসা কর্তৃক জমাকৃত অর্থ হতে ব্যয় সংকুলান করা হবে। |
| ৮। | শহীদ জাহাঙ্গীর গেইট হতে সিগন্যাল গেইট পর্যন্ত ফুটপাত মেরামতকরণ। | ১,৯২,৪৩০/- ।। | মেসার্স রনী এন্টারপ্রাইজ | ১০.০০% উর্ধ্বে | ০২.০০% উর্ধ্বে | -ঐ- |

| ক্রমিক নং | কাজের বিবরণ | মূল্যানুমান এমইএস সিডিউল অব রেইটস, ২০০২ অনুযায়ী | সর্বনিম্ন দর প্রদানকারী ফার্মের নাম | সর্বনিম্ন উদ্ধৃত্ত দর | সিএমইএস (আর্মি)কর্তৃক ভেটিংকৃত দর | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ৯। | বারিধারা ডিওএইচএস এলাকার বিভিন্ন লেইনে স্পীড ব্রেকার নির্মাণ। | ১,৫১,৪৫০/-টাকা | মেসার্স এম আর এন্টারপ্রাইজ | ২২.২৭% নিম্নে | - | বারিধারা ডিওএইচএস এলাকার উন্নয়ন ফান্ড হতে। |
| ১০। | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৮ নং রোডের ২ নং পানির পাম্পের এলাকাকে দেয়াল দ্বারা ঘেরাওকরণ। | ৫৮,৭৬৮/- ।। | মেসার্স লাকী ট্রেডার্স | ০৭.৬৯% নিম্নে | - | ২০০২-২০০৩ আর্থিক সালের বাজেট বরাদ্দের উন্নয়নমূলক খাত হতে ব্যয় সংকুলান করতে হবে। |
| ১১। | মুসলিম মডার্ণ একাডেমীর এসএসসি পরীক্ষা উপলক্ষে স্কুল ভবন মেরামত ও সংস্কারকরণ। | ৪৯,৮৫০/-টাকা | মেসার্স এম এস বিজনেস এন্ড কন্ট্রাক্ট | ০৯.৯৯% উর্ধ্বে | সমহার | ২০০২-২০০৩ আর্থিক সালের বাজেট বরাদ্দের রক্ষণাবেক্ষণ খাত হতে ব্যয় সংকুলান করতে হবে। |
| ১২। | ক্যান্টনমেন্ট রেলওয়ে স্টেশনের পূর্ব দিকে লেভেল ক্রসিং হতে বারিধারা গেইট পর্যন্ত রেললাইন সংযোগ সড়ক মেরামত ও সীলকোটকরণ। | ২,৮৪,৮৩৫/- ।। | মেসার্স দিলদার এন্টারপ্রাইজ | ০৯.৯৮% উর্ধ্বে | সমহার | রোড কাটিং এর জন্য জমাকৃত অর্থ হতে ব্যয় সংকুলান করা হবে। |
| ১৩। | ঢাকা সেনানিবাসস্থ আজিজ পল্লী শিশু পার্ক লোহার নেট দ্বারা ঘেরাওকরণ। | ১,২৪,৪০৭/- ।। | মেসার্স ফরিদা ট্রেডার্স | ০৯.৮০% উর্ধ্বে | ০৯.০০% উর্ধ্বে | ২০০২-২০০৩ আর্থিক সালের বাজেট বরাদ্দের উন্নয়নমূলক খাত হতে ব্যয় সংকুলান করতে হবে। |

গৃহীত সিদ্ধান্ত ঃ উপরোল্লিখিত কাজের সর্বনিম্ন দরের উপর সভায় বিস্তারিত আলোচনা হয়। উপস্থিত ক্যান্টনমেন্ট বোর্ড প্রকৌশলী সভাকে অবহিত করেন যে, বর্তমানে চলমান এমইএস এর অনুরূপ কাজের সহিত সামঞ্জস্য রেখে ১১(এগার)টি কাজের সর্বনিম্ন দর ২০০২ সনের এমইএস সিডিউল অব রেইটস এর উপর ভেটিংপূর্বক নির্ধারণ করা হয়েছে। সিএমইএস আর্মি কর্তৃক ভেটিংকৃত ক্রমিক নং ১, ২, ৩, ৪, ৫, ৬, ৭, ৮, ১১, ১২ ও ১৩ = ১১(এগার) টি কাজের নিম্নবর্ণিত দরসমূহ সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হলো। উক্ত ১১(এগার) টি কাজের ক্ষেত্রে অনুমোদিত দরে সংশ্লিষ্ট ঠিকাদারগণ কাজ করতে সম্মত থাকলে তাদের নিকট থেকে সম্মতিপত্র গ্রহণ করতঃ কাজগুলি জরুরী বিধায় কার্যাদেশ প্রদানপূর্বক ব্যয়ের অনুমোদনের নিমিত্তে সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করা হোকঃ-

(১) ০২.০০% উর্ধ্ব দর অনুমোদিত।

(২) ০৪.০০% উর্ধ্ব দর অনুমোদিত।

(৩) ০৪.০০% উর্ধ্ব দর অনুমোদিত।

(৪) ০২.০০% উর্ধ্ব দর অনুমোদিত।

(৫) ০৩.০০% উর্ধ্ব দর অনুমোদিত।

(৬) ০২.০০% উর্ধ্ব দর অনুমোদিত।

(৭) ০২.০০% উর্ধ্ব দর অনুমোদিত।

(৮) ০২.০০% উর্ধ্ব দর অনুমোদিত।

(১১) সিডিউল সমহার অনুমোদিত।

(১২) সিডিউল সমহার অনুমোদিত।

(১৩) ০৯.০০% উর্ধ্ব দর অনুমোদিত।

ক্রমিক নং- ৯ ও ১০ এর ০২(দুই)টি কাজের ব্যাপারে ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার সভায় জানান যে, ঠিকাদার কর্তৃক প্রদত্ত সর্বনিম্ন দর বাস্তবসম্মত নহে বিধায় ভেটিং করা হয়নি। কিন্তু উক্ত কাজের দরপত্র সিডিউলে যথাযথ তথ্য অন্তর্ভুক্ত ছিল বিধায় বিষয়টির উপর বিস্তারিত আলোচনান্তে ঠিকাদার কর্তৃক প্রদত্ত নিম্নোক্ত সর্বনিম্ন দর অনুমোদনের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো। কাজগুলি জরুরী বিধায় কার্যাদেশ প্রদানপূর্বক ব্যয়ের অনুমোদনের নিমিত্তে সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করা হোকঃ-

(৯) ২২.২৭% নিম্নদর অনুমোদিত।

(১০) ০৭.৬৯% নিম্নদর অনুমোদিত।

প্রস্তাব নং-১৯ ঃ বারিধারা ডিওএইচএস এলাকার নিম্নলিখিত দুটি কাজের সংশোধিত মূল্যানুমান অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ ঃ-

| ক্রমিক নং | কাজের বিবরণ | পূর্বের মূল্যানুমান | সংশোধিত মূল্যানুমান | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১। | বারিধারা ডিওএইচএস এলাকার সিকিউরিটি গার্ডের জন্য ব্যারাক নির্মাণ। | ১৯,০৫,০০০/- টাকা | ২২,৮৪,৩৪৪/- টাকা | ডিওএইচএস এসোসিয়েশন এর সভাপতির অনুরোধক্রমে সাইট পরিবর্তিত হওয়ায় ফাউন্ডেশনে বল্লি পাইলিং করাসহ অন্যান্য আনুষঙ্গিক কাজ বাবদ ব্যয় বৃদ্ধি পেয়েছে। |
| ২। | বারিধারা ডিওএইচএস এলাকার ৪৮৯/বি ও ৪৯১ এর পিছনে বাউন্ডারী ওয়াল নির্মাণ। | ১,২০,৪৩৭/৯১ টাকা | ১,৬০,৮৭১/৪১ টাকা | প্রকল্প এলাকায় পুকুর পড়ায় বল্লি পাইলিং এর কাজ করায় ব্যয় বৃদ্ধি পেয়েছে |

গৃহীত সিদ্ধান্ত ঃ *বিষয়টির উপর বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে সংশোধিত মূল্যানুমান অনুমোদন করা হলো। সংশ্লিষ্ট* ঠিকাদার দ্বারাই অতিরিক্ত কাজ সম্পাদন করা বাস্তব সম্মত। সেমতে ক্রমিক নং-১ এবং ২ এ বর্ণিত সম্পাদিত কাজের ঘটনোত্তর অনুমোদন দেয়া হলো। চূড়ান্ত অনুমোদনের জন্য প্রস্তাবটি সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রেরণ করা হোক।

প্রস্তাব নং-২০ ঃ রজনীগন্ধা সুপার মার্কেটস্থ ৫০০ কেভিএ-১১/০.৪১৫কেভি বিদ্যুৎ উপকেন্দ্রের যন্ত্রপাতি মেরামত ও ওভারহলিং এর বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিষয়টি উপর বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে জানা যায় যে, রজনীগন্ধা সুপার মার্কেটস্থ ৫০০ কেভিএ-১১/০.৪১৫কেভি বিদ্যুৎ উপ-কেন্দ্রটি প্রায় ০৭(সাত) বছর পূর্বে নির্মাণ করা হয়েছে। দীর্ঘ দিন যাবৎ উক্ত বিদ্যুৎ উপকেন্দ্রের যন্ত্রপাতি মেরামত ও ওভারহলিং না করায় তা মেরামত ও ওভারহলিং করা জরুরী হয়ে পড়েছে। এমতাবস্থায়, সংশ্লিষ্ট বিদ্যুৎ উপ-কেন্দ্রের পূর্বের নির্মাতা সংস্থা জেনারেল ইলেক্ট্রিক কোম্পানী, বাংলাদেশ দ্বারাই মেরামত ও ওভারহলিং করা যুক্তিযুক্ত। সেমতে কার্যাদেশ প্রদানপূর্বক জরুরী ভিত্তিতে যাবতীয় কাজ সম্পন্ন করা হোক। সেসঙ্গে সংশ্লিষ্ট কাজের জন্য ব্যয়ের অনুমোদনের প্রস্তাব সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রেরণ করা হোক।

প্রস্তাব নং-২১ ঃ ঢাকা সেনানিবাসের ডিওএইচএস ও বর্ধিত এলাকায় বাড়ী নির্মানের ১৫(পনের) টি নকশা বিল্ডিং বাই'ল অনুযায়ী সঠিক থাকায় অনুমোদন করা হয়েছে। উক্ত নকশাসমূহ ঘটনোত্তর অনুমোদনের জন্য নিম্নে পেশ করা হলো ঃ-

| ক্রমিক নং | নাম | প্লট নম্বর | এলাকার নাম | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১। | ব্রিগেঃ জেনাঃ মোঃ আকবর আকতার | ২০৪ | বারিধারা ডিওএইচএস | |
| ২। | লেঃ কর্ণেল হারুন-উর-রশিদ চৌধুরী | ৩৬৬/৭ | -ঐ- | |
| ৩। | কমাঃ মুহাম্মদ আলেক হোসেন, বিএন | ৫১৭/৫ | -ঐ- | |
| ৪। | গ্রুপ ক্যাপ্টেন মোঃ আবু জাফর (অবঃ) | ৫৪০/২ | -ঐ- | সংশোধিত |

চলমান পাতা-৯

| নাম | প্লট নম্বর | এলাকার নাম | মন্তব্য |
|---|---|---|---|
| ঃ কর্ণেল জিল্লুর রহমান | ২৯৭ | -ঐ- | -ঐ- |
| াঃ ফয়েজুর রহমান (অবঃ) | ৫৩০ | -ঐ- | -ঐ- |
| য়ার কমডোর জাহেদুন নবী চৌধুরী | ৫৪১ | -ঐ- | -ঐ- |
| নাব হাসান মাহমুদ মজুমদার | ২২৩ | -ঐ- | -ঐ- |
| মজর জেনারেল শামসুজ্জামান (জি) (অবঃ) | বি/১০১ | ডিওএইচএস মহাখালী | -ঐ- |
| ইং কমান্ডর এনায়েত উল্লাহ (অবঃ) | ১৮৬ | -ঐ- | -ঐ- |
| মজর জেনারেল জালাল উদ্দিন আহমেদ, এনডিইউ, | ৪৩/ই | ক্যান্টনমেন্ট বাজার এলাকা | -ঐ- |
| লেঃ কর্ণেল মোঃ মোস্তফা কামাল (অবঃ) | ৬৭/সি | ক্যান্টনমেন্ট বাজার এলাকা | সংশোধিত |
| জনাব হারুন রশিদ | ৬০/বি | -ঐ- | -ঐ- |
| মিসেস সারা বিল্লাল মামুন গং | ৪৩/এফ | -ঐ- | -ঐ- |
| হাজী মোঃ কাউছ মিয়া | সি এস দাগ নং-৪৮ এবং ৫০ (আংশিক) | মহাখালী | |

ঃ অবহিত হওয়াসহ ঘটনোত্তর অনুমোদন করা হলো।

বিধ(১) ঃ

ঢাকা সেনানিবাসের প্রধান সড়কের গুরুত্বপূর্ণ স্থানে স্থাপনের নিমিত্তে ১২৫ টি প্লাস্টিকের তৈরী ফুলের টব (২´ - ৬" × ৩´ - ১৩´ × ৩´ - ১০") সরবাহের জন্য ২৪ জুন, ২০০৩ তারিখে দরপত্র আহ্বান করা হলে ০৩(তিন) টি দরপত্র পাওয়া যায়। তন্মধ্যে রফিক ট্রেডিং করপোরেশন, ৪৮ কাজী নজরুল ইসলাম এভিনিউ, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রদত্ত প্রতিটি ৪০০/- (চারশত) টাকা হিসেবে মোট ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকার দর সর্বনিম্ন হয়। উক্ত সর্বনিম্ন দর অনুমোদনের নিমিত্তে প্রাপ্ত দরপত্রসমূহ বোর্ডসভায় পেশ করা হলো।

দ্ধান্ত ঃ পর্যালোচনান্তে ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকার সর্বনিম্ন দরটি অনুমোদন করা হলো। পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হোক।

বিবিধ(২) ঃ

বৃষ্টি বাদলার দিনে জরুরী কাজ করার জন্য ১০০(একশত) সেট রেইন কোট ক্রয়ের নিমিত্তে দরপত্র আহ্বান করা হলে ২৬ জুন, ২০০৩ তারিখে ০৩(তিন) টি দরপত্র পাওয়া যায়। প্রাপ্ত দরপত্রসমূহের মধ্যে মেসার্স এম আর এন্টারপ্রাইজ, সি/১৮২, রজনীগন্ধা সুপার মার্কেট, ঢাকা সেনানিবাস কর্তৃক প্রতিসেট ৩৮০/- (তিনশত আশি) টাকা হিসেবে ১০০ সেটের জন্য ৩৮,০০০/- (আটত্রিশ হাজার) টাকার সর্বনিম্ন দর প্রদান করা হয়। উক্ত সর্বনিম্ন দর অনুমোদনের জন্য প্রাপ্ত দরপত্রসমূহ সভায় পেশ করা হলো। এ ব্যয় ২০০২-২০০৩ অর্থ বছরের অনুমোদিত বাজেটের আর্মি কঞ্জারভেন্সী খাত হতে নির্বাহ করা হবে।

সিদ্ধান্ত ঃ পর্যালোচনান্তে ৩৮,০০০/- (আটত্রিশ হাজার) টাকার সর্বনিম্ন দরটি অনুমোদন করা হলো। পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হোক।

বিবিধ(৩) ঃ

ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের আর্মি কঞ্জারভেন্সী শাখার ঝাড়ুদারদের জন্য ১৫০(একশত পঞ্চাশ)টি হলুদ রঙের টি-শার্ট মনোগ্রামসহ সরবরাহের জন্য দরপত্র আহ্বান করা হলে ২৪ জুন, ২০০৩ তারিখে ০৩(তিন)টি দরপত্র পাওয়া যায়। প্রাপ্ত দরপত্রসমূহের মধ্যে প্রাইম স্পোর্টস, ১৬/এ বঙ্গবন্ধু এভিনিউ, ঢাকা-১০০০ কর্তৃক প্রদত্ত ২২,৫০০/- (বাইশ হাজার পাঁচশত) টাকার দর সর্বনিম্ন হয়। উক্ত সর্বনিম্ন দর অনুমোদনের নিমিত্তে প্রাপ্ত দরপত্রসমূহ বোর্ডসভায় পেশ করা হলো।

হীত সিদ্ধান্ত ঃ পর্যালোচনান্তে ২২,৫০০/- (বাইশ হাজার পাঁচশত) টাকার সর্বনিম্ন দরটি অনুমোদন করা হলো। পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হোক।

চলমান পাতা-১০

বিবিধ(৪) ঃ

ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের উপ-সহকারী প্রকৌশলী (পানি/বিদ্যুৎ) জনাব মোঃ মঞ্জুর হোসেন এর আকস্মিক মৃত্যুজনিত কারণে উপ-সহকারী প্রকৌশলীর একটি পদ শূন্য রয়েছে। উক্ত শূন্য পদে লোক নিয়োগ না করায় দাপ্তরিক কাজে মারাত্মক বিঘ্ন সৃষ্টি হচ্ছে। সেনানিবাসে সুষ্ঠু নাগরিক সুযোগ-সুবিধা প্রদানের নিমিত্তে নতুন প্রকৌশলী নিয়োগ না হওয়া পর্যন্ত মাস্টার রোল ভিত্তিতে একজন অভিজ্ঞ বিদ্যুৎ প্রকৌশলী নিয়োগের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

সিদ্ধান্ত ঃ বিষয়টির উপর সভায় বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে ঢাকা সেনানিবাসে সুষ্ঠু নাগরিক সুযোগ-সুবিধা প্রদানের নিমিত্তে নতুন প্রকৌশলী নিয়োগ না হওয়া পর্যন্ত মাস্টার রোলে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে দৈনিক ১২০/- টাকা পারিশ্রমিকে একজন অভিজ্ঞ বিদ্যুৎ প্রকৌশলী নিয়োগ করা হোক।

বিবিধ(৫) ঃ

শহীদ মোস্তফা কামাল লাইন, সেনাপল্লী এলাকার বাসাবাড়ী এবং ডিওএইচএস বনানী এলাকা হতে ময়লা/আবর্জনা সংগ্রহের নিমিত্তে ০৫(পাঁচ) টি কাভার্ড ভ্যান গাড়ী ক্রয়ের জন্য ২৪ জুন, ২০০৩ তারিখে দরপত্র আহ্বান করা হলে ০৪(চার)টি দরপত্র পাওয়া যায়। প্রাপ্ত দরপত্রসমূহের মধ্যে মেসার্স শাহাবুদ্দিন এন্টারপ্রাইজ ১৭৬, ধামালকোট, ঢাকা ক্যান্টনমেন্ট, ঢাকা-১২০৬ কর্তৃক প্রদত্ত প্রতিটি ভ্যানগাড়ী ১০,০০০/- (দশ হাজার) টাকা হিসেবে মোট ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকার দর সর্বনিম্ন হয়। উক্ত সর্বনিম্ন দর অনুমোদনের নিমিত্তে প্রাপ্ত দরপত্রসমূহ বোর্ডসভায় পেশ করা হলো।

সিদ্ধান্ত ঃ পর্যালোচনান্তে ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকার সর্বনিম্ন দরটি অনুমোদন করা হলো। পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হোক।

বিবিধ(৬) ঃ

পাম্প অপারেটরের শূন্যপদে ১১ জুন, ২০০৩ তারিখ হতে পরবর্তী ০৩(তিন) মাসের জন্য বর্তমানে মাস্টার রোলে কর্মরত অভিজ্ঞ শ্রমিককে নিয়োজিত রাখার ব্যাপারে আলোচনা ও সিদ্ধান্ত।

সিদ্ধান্ত ঃ বিষয়টির উপর বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে বর্তমানে মাস্টার রোলে কর্মরত অভিজ্ঞ শ্রমিককে দৈনিক ৮০/- (আশি) টাকা মজুরীর ভিত্তিতে ১১ জুন, ২০০৩ তারিখ হতে পরবর্তী ০৩(তিন) মাসের জন্য সম্পূর্ণ অস্থায়ীভাবে নিয়োজিত রাখার সিদ্ধান্ত গৃহীত হলো।

বিবিধ(৭) ঃ

ঢাকা সেনানিবাসের বিভিন্ন রাস্তার পার্শ্বে ঘাস কাটার জন্য আমেরিকার তৈরী পেট্রল চালিত ৫.৫ হর্স পাওয়ার ক্ষমতা সম্পন্ন একটি ঘাস কাটার মেশিন ক্রয়ের নিমিত্তে ২৪ জুন, ২০০৩ তারিখে দরপত্র আহ্বান করা হলে উক্ত তারিখে ০৩(তিন) টি দরপত্র পাওয়া যায়। প্রাপ্ত দরপত্রসমূহের মধ্যে মেসার্স চুন্নু এন্টারপ্রাইজ, ১৭৪ নবাবপুর রোড, ঢাকা কর্তৃক প্রদত্ত ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকার দর সর্বনিম্ন হয়। সর্বনিম্ন দর অনুমোদনের ব্যাপারে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।

সিদ্ধান্ত ঃ আলোচনান্তে সর্বনিম্ন দর অনুমোদন করা হলো। পরবর্তী কার্যকরী ব্যবস্থা গ্রহণ করা হোক।

অন্য কোন আলোচ্যসূচী না থাকায় সকলকে ধন্যবাদ জ্ঞাপনের মাধ্যমে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২৯/৬/০৩

( মোঃ আব্দুল্লাহ আল মামুন)
ক্যান্টনমেন্ট এক্সিকিউটিভ অফিসার
ও
সেক্রেটারী
ক্যান্টনমেন্ট বোর্ড, ঢাকা ক্যান্টনমেন্ট।

(কর্নেল সালাহউদ্দীন আহমেদ)
প্রেসিডেন্ট, ক্যান্টনমেন্ট বোর্ড
ও
স্টেশন কমান্ডার, ঢাকা সেনানিবাস